

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস



বিজ্ঞপ্তি

এমআইএসটির সিই, সিএসই, ইইসিই, এমই, এনএসই, বিএমই এবং এই বিভাগের এমএসসি/এম/পিএইচডি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের এপ্রিল-২০১৭ সেমিস্টার পরীক্ষা

ক। সকল ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মিলিটারি ইন্সটিটিউট অব সাইন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি) এর বিষয়োক্ত পরীক্ষাসমূহ আগামী ১৩ আগস্ট ২০১৭ তারিখ হতে আরম্ভ হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র-ছাত্রীদের এমআইএসটির অ্যাডমিশন সেকশন হতে এন্ট্রি ফরম সংগ্রহ করে স্বহস্তে পূরণ করতঃ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/ডিন কর্তৃক প্রত্যয়ন করিয়ে স্ব স্ব বিভাগীয় অফিসে জমা দিতে হবে।

খ। ফিসের হার (প্রতি ছাত্র-ছাত্রী)

- (১) পরীক্ষার ফি: প্রতি ক্রেডিট আওয়ার - ৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা;
- (২) শ্রেডশিট ফি: প্রতি সেমিস্টার - ৫০০.০০ (পাঁচশত মাত্র) টাকা।

গ। এন্ট্রিফরম ও প্রবেশপত্রের যথাস্থানে পরীক্ষার্থীর পাসপোর্ট সাইজের ছবি দুটি স্ট্যাপল পিন অথবা গাম দিয়ে এমনভাবে লাগাতে হবে যেন সহজে খুলে না যায়। ছবিটি লাগানোর পর পরিচালক, একাডেমিক উইং (ডিন)/ বিভাগীয় প্রধান উহা এরূপভাবে সত্যায়ন করবেন যেন তার স্বাক্ষরের কিছু অংশ ছবির উপর এবং কিছু অংশ এন্ট্রিফরম ও প্রবেশপত্রের উপর থাকে। অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর ছাড়া কোন পরীক্ষার্থীর এন্ট্রিফরম গ্রহণযোগ্য নয়।

ঘ। পূরণকৃত ফরম ও ফিস ৩০ জুলাই ২০১৭ তারিখের মধ্যে বিইউপি'র পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে জমা দানের জন্য এমআইএসটির সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা যাচ্ছে। পরীক্ষার ফিস সমূহ “বিইউপি জেনারেল ফান্ড” এর অনুকূলে পে-অর্ডার/ অবিনিমেয় চেক এর মাধ্যমে জমা দিতে হবে।

বিঃ দ্রঃ নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই উক্ত পরীক্ষার ফরম ও ফিস গ্রহণ করা হবে না।

মোহাম্মদ হুমায়ুন কবির ভূঁঞা
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

পত্র নং ০৯/৭৮৬/০৩/২/১

তারিখ: ১৫ জুলাই ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। একাডেমিক উইং (এক্সাম সেকশন), এমআইএসটি
- ২। অ্যাডমিশন সেকশন (নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো), এমআইএসটি
- ৩। আইসিটি সেন্টার (ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো), বিইউপি